তারিখ ০৯ APR 2017
পৃষ্ঠা ২ কলাম ৬

সমকাল

# আজ নর্থ সাউথ ইউনিভার্সিটির ২০তম সমাবর্তন

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি বিশ্ববিদ্যালয় 'নর্থ-সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ২০তম সমাবর্তন আজ রোববার অনুষ্ঠিত হবে।

সকাল সাড়ে ১০টায় রাজধানীর বসুন্ধরা এলাকায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে এ সমাবর্তন হবে। এবারের সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের মোট ২ হাজার ৬৪২ জন স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থীকে সনদ দেওয়া হচ্ছে। এ ছাড়া ২ জনকে চ্যান্সেলর এবং ৭ জনকে ভাইস চ্যান্সেলর স্বর্ণপদক দেওয়া হবে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, ইতিমধ্যেই সমাবর্তন অনুষ্ঠানের সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। রাষ্ট্রপতি ও এনএসইউর চ্যান্সেলরের পক্ষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সমাবর্তন অধিবেশনে সভাপতিত্ব ও আনুষ্ঠানিকভাবে ডিগ্রি প্রদান করবেন। ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৫

## আজ নর্থ সাউথ

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

এ ছাড়া বক্তব্য দেবেন ঢাকায় নিযুক্ত ডেনমার্কের রাষ্ট্রদূত মিকাইল হেমনিথি উইন্থার। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আজিম উদ্দিন আহমেদ, উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম এবং ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দও উপস্থিত থাকবেন।

সমাবর্তনের দ্বিতীয় অধিবেশনে সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানটি চ্যানেল আই ও একাত্তর টিভিতে সরাসরি সম্প্রচার করা হবে। এ উপলক্ষে আজ দৈনিক পত্রিকাগুলোতে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হয়।